# গণভোট দিয়ে সংবিধান সংশোধন করা যাবে নাহ: সালাহউদ্দিন আহমদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, কেবল গণভোটের মাধ্যমে কোনো আইন প্রণয়ন বা সংবিধান সংশোধন সম্ভব নয়। তিনি জোর দিয়ে বলেন, সংবিধান সংশোধনের জন্য একটি কার্যকর জাতীয় সংসদ অপরিহার্য।

আজ শুক্রবার (১৪ নভেম্বর) সকালে রাজধানীর শাহবাগে নারী ও শিশু অধিকার ফোরাম আয়োজিত মৌন মিছিল-পূর্ব সমাবেশে তিনি এ মন্তব্য করেন।

স্বাধীনতা ও সার্বভৌমত্বের ব্যাখ্যা তুলে ধরে সালাহউদ্দিন আহমদ বলেন, এর সারবস্তু হলো সবার নাগরিক অধিকার নিশ্চিত করা। তিনি বলেন "আমাদের একটাই পরিচয় আমরা বাংলাদেশের নাগরিক। ধর্মীয় বা সাংস্কৃতিক বিভাজন থাকার কথা নয়।"

বিএনপির এই নেতা বলেন, জুলাই আন্দোলনের লক্ষ্য ছিল বৈষম্যহীন গণতান্ত্রিক রাষ্ট্র গঠন, এবং সেই লক্ষ্য বাস্তবায়নে সবাইকে এগিয়ে আসতে হবে।

"আমরা একটি শক্তিশালী, সত্যিকারের গণতান্ত্রিক রাষ্ট্র চাই, যেখানে কোনো বৈষম্য থাকবে না।"

জুলাই জাতীয় সনদকে বিএনপির প্রতিশ্রুতির ভিত্তি হিসেবে উল্লেখ করে সালাহউদ্দিন আহমদ বলেন "জুলাই জাতীয় সনদ যেভাবে স্বাক্ষরিত হয়েছে, সেটা আমরা প্রতিপালনে প্রতিশ্রুতিবদ্ধ। এর বাইরে চাপিয়ে দিয়ে কোনো প্রস্তাব দিলে তা জনগণই বিবেচনা করবে।"

LENS ASIA